166

ভোরের কাগজ

তারিখ ... JUL. 1 1 1999 ...
পৃষ্ঠা ৩ কলাম 2 ..

চতুর্থ বিষয় অন্তর্ভুক্তি নিয়ে জটিলতা

# মধুখালী সরকারি কলেজে ছাত্রছাত্রীদের পরীক্ষা বর্জন, অধ্যক্ষের কক্ষে তালা

**মধুখালী (ফরিদপুর) সংবাদদাতা :** পরীক্ষায় চতুর্থ বিষয় অন্তর্ভুক্তি নিয়ে অনিশ্চয়তার কারণে মধুখালী সরকারি আইনউদ্দিন কলেজের ৫১৫ জন ছাত্রছাত্রী প্রথম বর্ষের ফাইনাল পরীক্ষা বর্জন করছে। উত্তেজিত পরীক্ষার্থীরা অধ্যক্ষের রুমসহ সকল রুমে তালা দিয়েছে।

অভিযোগে জানা যায়, ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষের বাণিজ্য শাখার ১১৩ জন ছাত্রছাত্রী চতুর্থ বিষয় হিসেবে ব্যবসায়িক উদ্যোগ ও ব্যবহারিক শিক্ষা অন্তর্ভুক্ত করে। কিন্তু শিক্ষকদের গাফিলতির কারণে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে ঐ বিষয়ের ৩০০ টাকা ফি জমা দেওয়া হয়নি। ফলে ঐ পরীক্ষার্থীদের চতুর্থ বিষয়ের পরীক্ষা দেওয়া অনিশ্চয়তার মধ্যে পড়ে যায়। এ অবস্থায় কলেজে প্রথম বর্ষ ফাইনাল পরীক্ষা শুরু হলে ছাত্রছাত্রীরা পরীক্ষা বর্জন করে এবং কলেজে তালা ঝুলিয়ে দেয়।

এই অবস্থার পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ ও কলেজ কর্তৃপক্ষ বোর্ডে যোগাযোগ করেও আশানুরূপ ফল না পাওয়ায় বর্জনকৃত পরীক্ষা ও কলেজের স্বাভাবিক কার্যক্রম পুনরায় চালু করায় চরম অনিশ্চয়তা দেখা দিয়েছে।

কলেজের এই অচলবস্থার পরিপ্রেক্ষিতে ছাত্রছাত্রী, অভিভাবকবৃন্দ ও সুধী মহলের মধ্যে চরম অসন্তোষ বিরাজ করছে। এলাকাবাসী এ ব্যাপারে সুষ্ঠু সমাধানের জন্য যথাযথ কর্তৃপক্ষের আশু হস্তক্ষেপ কামনা করছেন। এ ব্যাপারে মধুখালী প্রেসক্লাবের সাংবাদিকবৃন্দ ও এই সংবাদদাতা কলেজ অধ্যক্ষ, সহকারী অধ্যাপকবৃন্দের সঙ্গে যোগাযোগ করলে তারা জানান, কলেজে ঐ বিষয়ে শিক্ষক না থাকায় এবং বোর্ড কর্তৃক '৯৮-৯৯ শিক্ষাবর্ষে নতুন কারিকুলামে চতুর্থ বিষয়ে ব্যতিক্রম ঘটায় এ বিষয়টি সংযোজন করা সম্ভব হয়নি। অপরদিকে ছাত্রছাত্রীরা অভিযোগ করে, বছরের শুরু থেকেই চতুর্থ বিষয়ে শিক্ষকরা ক্লাস নিয়েছেন এবং ভর্তির সময় এ বিষয়ে জনপ্রতি ৮০ টাকা ফি জমা নিয়েও কর্তৃপক্ষ এখন তা অস্বীকার করছেন।